# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রার দপ্তর
সংস্থাপন-০৮ (কাউন্সিল শাখা)
ওয়েস্ট ধানমন্ডি বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং- ইআবি.রেজি.কাউন্সিল.২০২৩.(অংশ-০৪).৫১০

তারিখ: ২৮ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

## পরিপত্র

০৬-০২-২০২৪ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ১৯তম সভার সিদ্ধান্ত-৫ এবং ১০-০২-২০২৫ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৩৫তম সভার সিদ্ধান্ত-২ (একাডেমিক একাডেমিক কাউন্সিলের ১৯তম সভার কার্যবিবরণী অনুমোদন) মোতাবেক ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের আওতাধীন বেসরকারি মাদরাসাসমূহের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের চাকরির শর্তাবলি সংক্রান্ত প্রবিধান (সংশোধিত)-২০২৩-এর ধারা (১৩) হতে ধারা (১৭) পর্যন্ত নিম্নরূপে সংশোধন, সংযোজন, বিয়োজন ও পরিমার্জন করে ধারা-১৮ সংযোজন করা হয়েছে।

## সংশোধিত বিষয়াদি

**ধারা-১৩। পেশাগত অসদাচরণ:**

নিম্নলিখিত অভিযোগগুলো পেশাগত অসদাচরণ বলে বিবেচিত হবে:

১. ক্লাস গ্রহণে অনীহা অথবা ক্লাস চলাকালে অন্য কোনো কাজে ব্যস্ত থাকা।
২. বিনা অনুমতিতে কর্তব্যে অনুপস্থিত।
৩. কর্তব্য পালনে অবহেলা বা উদাসীনতা।
৪. পূর্বে অবহিতকরণ ব্যতিরেকে ছুটির মেয়াদ বর্ধিতকরণ।
৫. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ গভর্নিং বডির কোনো বৈধ ও যুক্তিসংগত নির্দেশ একাকি অথবা অন্যান্যদের সহযোগে অমান্য করা।
৬. মাদরাসার কোনো সম্পদ অপচয় করা অথবা অর্থ আত্মসাৎ করা।
৭. ক্ষমতার অপব্যবহার করা।
৮. নৈতিক স্খলন।
৯. এমন কোনো কার্য সম্পাদন করা, যা শিক্ষক/ছাত্র-ছাত্রীদের মাঝে বিশৃঙ্খলা অথবা নৈতিক অবক্ষয় সৃষ্টি করতে পারে।
১০. বিশ্ববিদ্যালয়/গভর্নিং বডি/ মাদরাসার স্বার্থবিরোধী হিসেবে বিবেচিত হয় এমন কোন কাজে সম্পৃক্ত হওয়া।
১১. অধ্যক্ষ/গভর্নিং বডি কর্তৃক গৃহীত যৌক্তিক সিদ্ধান্ত অমান্য করা।

**ধারা-১৪। শাস্তির প্রকারভেদ:**

অপরাধের মাত্রা অনুপাতে প্রমাণিত অপরাধী অধ্যক্ষ/উপাধ্যক্ষ/শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীকে নিম্নবর্ণিত এক বা একাধিক শাস্তি প্রদান করা যেতে পারে:

১. তিরস্কার।
২. বার্ষিক ইনক্রিমেন্ট নির্দিষ্ট সময়ের জন্য স্থগিতকরণ।
৩. বার্ষিক ইনক্রিমেন্ট বাতিলকরণ।
৪. আর্থিক ক্ষতি সাধিত হলে তা বেতন থেকে আংশিক বা সম্পূর্ণ আদায়ের ব্যবস্থা।
৫. এক স্তর পদাবনতি।
৬. চাকরি হতে অপসারণ (Removal)
৭. চাকরি হতে বরখাস্তকরণ (Dismisal)

**ধারা-১৫। শাস্তিমূলক ব্যবস্থা:**

ক. কোন অধ্যক্ষ/উপাধ্যক্ষ/শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে অভিযুক্তকে কারণ দর্শাতে হবে। কারণ দর্শানোর পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জবাব প্রদান করতে হবে। জবাব সন্তোষজনক না হলে গভর্নিং বডি ০৩ (তিন) সদস্য বিশিষ্ট প্রাথমিক তদন্ত কমিটি গঠন করবে। তদন্ত কমিটির সামনে উপস্থিত না হলে অভিযুক্তের

অনুপস্থিতিতে শুনানী কার্যক্রম পরিচালিত হবে। প্রাথমিক তদন্তে অভিযোগ প্রমাণিত হলে শৃংখলামূলক ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নরূপে ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করতে হবে।

| ক্রম. | পদবি | দায়িত্ব |
|---|---|---|
| ১. | ভাইস চ্যান্সেলরের মনোনীত প্রতিনিধি (সহকারী অধ্যাপক/সহকারি রেজিস্ট্রার/সমমান এর নিচে নয়) | আহ্বায়ক |
| ২. | জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের মনোনীত প্রতিনিধি (প্রথম শ্রেণির কর্মকর্তার নীচে নয় এমন ব্যক্তি) | সদস্য |
| ৩. | গভর্নিং বডি কর্তৃক মনোনীত গভর্নিং বডির ০২ (দুইজন) সদস্য (তন্মধ্যে একজন বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত সংশ্লিষ্ট মাদরাসার জ্যেষ্ঠ শিক্ষক প্রতিনিধি এবং অন্য একজন সংশ্লিষ্ট মাদরাসার গভর্নিং বডি কর্তৃক মনোনীত সদস্য। তবে কোনো অভিযোগকারী তদন্ত কমিটির সদস্য মনোনীত হতে পারবেন না) | সদস্য |
| ৪. | সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) | সদস্য-সচিব |

খ. তদন্ত কমিটিতে বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধির টিএ ও ডিএ বিধি মোতাবেক সংশ্লিষ্ট মাদরাসা কর্তৃপক্ষ প্রদান করবে।

গ. তদন্ত চলাকালে অভিযুক্তকে সাময়িকভাবে বরখাস্ত করা হলে মূল বেতনের ৫০% জীবনধারণ ভাতা হিসেবে প্রদান করতে হবে।

ঘ. অভিযুক্তকে বিধিসম্মতভাবে আত্মপক্ষ সমর্থনের যুক্তিসংগত সময় প্রদান করতে হবে। তার কোনো বক্তব্য থাকলে তা পেশ করার সুযোগ দান করতে হবে।

**ধারা-১৬। সাময়িক বরখাস্ত:**

ক. সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে কোন অধ্যক্ষ/উপাধ্যক্ষ/শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীকে সাময়িক বরখাস্ত করলে ৬০ (ষাট) দিনের মধ্যে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করে বিশ্ববিদ্যালয়কে অবহিত করতে হবে।

**ধারা-১৭। আরবিট্রেশন কমিটি:**

ক. কোনো অধ্যক্ষ/উপাধ্যক্ষ/শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীকে চাকরি থেকে অপসারণ/বরখাস্ত করতে হলে গভর্নিং বডিকে নির্ধারিত ফিসহ বিশ্ববিদ্যালয়ে আরবিট্রেশন কমিটি বরাবর আবেদন করতে হবে। আরবিট্রেশন কমিটির সুপারিশ অনুযায়ী ভাইস চ্যান্সেলর সিদ্ধান্ত প্রদান করে গভর্নিং বডিকে বাস্তবায়ন করার জন্য আদেশ প্রদান করবেন।

খ. কোনো অধ্যক্ষ/উপাধ্যক্ষ/শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীকে চাকুরী থেকে অব্যাহতি প্রদান/অপসারণ/বরখাস্ত করতে হলে ভাইস চ্যান্সেলর-এর সিদ্ধান্ত ব্যতীত কাউকে বরখাস্ত করা যাবে না।

গ. নিম্নোক্তভাবে আরবিট্রেশন কমিটি গঠিত হবে। কমিটির সদস্যদের মেয়াদ হবে ০২ (দুই) বছর:

| ক্রম. | পদবি | দায়িত্ব |
|---|---|---|
| ১. | ভাইস চ্যান্সেলর | সভাপতি |
| ২. | প্রো ভাইস চ্যান্সেলর (সকল) | সদস্য |
| ৩. | ট্রেজারার | সদস্য |
| ৪. | ডিন (সকল) | সদস্য |
| ৫. | বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক মনোনীত প্রতিনিধি (পরিচালক পদ মর্যাদার নিচে নয়)-১ জন | সদস্য |
| ৬. | মাদরাসা শিক্ষা অধিদপ্তরের পরিচালক পদমর্যাদার কর্মকর্তা-১ জন | সদস্য |
| ৭. | কামিল মাদরাসার অধ্যক্ষ-২ জন (ভাইস চ্যান্সেলর কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৮. | ফাজিল মাদরাসার অধ্যক্ষ-২ জন (ভাইস চ্যান্সেলর কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৯. | আইন উপদেষ্টা/আইন কর্মকর্তা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (উপাচার্য কর্তৃক মনোনীত-১ জন) | সদস্য |
| ১০. | রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (পদাধিকার বলে) | সদস্য-সচিব |

**ধারা-১৮। আপিল:**

ক. কোনো অধ্যক্ষ/উপাধ্যক্ষ/শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী বিশ্ববিদ্যালয়ের আরবিট্রেশন কমিটির অনুমতিক্রমে মাদরাসার গভর্নিং বডি কর্তৃক দণ্ডপ্রাপ্ত হলে তিনি/তারা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভাপতির নিকট উক্ত দণ্ডের বিরুদ্ধে আপিল করতে পারবেন।

খ. সিন্ডিকেট সভাপতি আপীল নিষ্পত্তির জন্য তা সিন্ডিকেটে উপস্থাপন করবেন। এ ক্ষেত্রে সিন্ডিকেটের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

গ. সিন্ডিকেট কর্তৃক নিষ্পত্তিকৃত আপীলের সিদ্ধান্ত পত্র প্রাপ্তির তারিখ হতে ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে কার্যকর করে মাদরাসা কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়কে অবহিত করবেন। অন্যথায় মাদরাসা কর্তৃপক্ষের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। উল্লিখিত সিদ্ধান্তসমূহ (ধারা-১৩ হতে ধারা-১৮) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের আওতাধীন বেসরকারি মাদরাসাসমূহের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের চাকরির শর্তাবলি সংক্রান্ত প্রবিধান (সংশোধিত)-২০২৩-এর যথাস্থানে প্রতিস্থাপিত হবে। যা বেসরকারি মাদরাসাসমূহের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের চাকরির শর্তাবলি সংক্রান্ত প্রবিধান (সংশোধিত)-২০২৫ নামে অভিহিত হবে।

৩। এতৎসংক্রান্ত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তর/শাখাকে নির্দেশনা প্রদান করা হলো।

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

১১.০২.২০২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১
ই-মেইল: iauregistr@gmail.com

স্মারক নং- ইআবি.রেজি.কাউন্সিল.২০২৩.(অংশ-০৪).৫১০-(০৮)

তারিখ: ২৮ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. ডিন, কামিল (স্নাতকোত্তর) শিক্ষা প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়;
২. ডিন, কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়;
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়;
৪. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৫. মাদরাসা পরিদর্শক (অ. দা.), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়;
৬. পিএস টু ভিসি, ভিসি দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (মাননীয় ভাইস চ্যান্সেলরের সদয় অবগতির জন্য);
৭. পিএস টু প্রো-ভিসি, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়;
(মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোহাম্মদ শহীদুল ইসলামের সদয় অবগতির জন্য)
৮. পিএস টু প্রো-ভিসি, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়;
(মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোহাম্মদ আবু জাফর খানের সদয় অবগতির জন্য)
৯. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (মাননীয় ট্রেজারারের সদয় অবগতির জন্য);
১০. সহকারী রেজিস্ট্রার (সকল), আইন ও তদন্ত শাখা, রেজিস্ট্রার দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়;(পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১১. সহকারী রেজিস্ট্রার (সকল), একাডেমিক শাখা, রেজিস্ট্রার দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
১২. সহকারী রেজিস্ট্রার (সকল), মাদরাসা পরিচালনা কমিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
১৩. প্রোগ্রামার, আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৪. সংশ্লিষ্ট নথি/অফিস নথি।

১১/০২/২০২৫

(মুহাম্মদ আরিফুল ইসলাম)
সহকারী রেজিস্ট্রার
মোবাইল: ০১৬৪৮-৪৫৩০১৫
ই-মেইল: mdariful.iaubd@gmail.com